
# বিদ্যাসাগর কলেজ ফর উইমেন

৩৯, শঙ্কর ঘোষ লেন , কলকাতা ৭০০০০৬

## বিদ্যাসাগর স্মৃতি পুরস্কার প্রতিযোগিতা ২০২৫

## (১৯-২৫ সেপ্টেম্বর)



**আয়োজক**

বিদ্যাসাগর কলেজ ফর উইমেন, কলকাতা

# প্রবন্ধ, তাৎক্ষণিক বক্তৃতা, অঙ্কন, গান, নাচ, ক্যুইজ, নাটক, ফোটোগ্রাফি

প্রিয়,
ছাত্র ছাত্রীবৃন্দ,

বিদ্যাসাগর কলেজ ফর উইমেন প্রতি বছর ২৬ সেপ্টেম্বর পণ্ডিত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের জন্মবার্ষিকী উদযাপন করে। পণ্ডিত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের ২০৫তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে এই বছর ২৫ সেপ্টেম্বর, ২০২৫-এ বিদ্যাসাগর কলেজ ফর উইমেন-এর উদ্যোগে ভগবতী দেবী সভাগৃহে (অডিটোরিয়াম, নতুন ভবন, বিদ্যাসাগর কলেজ ফর উইমেন) একটি মনোজ্ঞ অনুষ্ঠানের মাধ্যমে বিদ্যাসাগর স্মৃতি পুরস্কার ২০২৫ প্রদান করা হবে। এই উপলক্ষ্যে বিভিন্ন কলেজ ও বিশ্ববিদ্যালয়ের (স্নাতক স্তর) ছাত্র-ছাত্রীদের নিম্নোক্ত প্রতিযোগিতাগুলিতে অংশগ্রহণের জন্য আহ্বান করা হচ্ছে। আমি সকল উচ্চ-শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র ও ছাত্রীদের এই প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য আন্তরিক আহ্বান জানাচ্ছি। এসো, এই মঞ্চে তোমাদের সাংস্কৃতিক প্রতিভা ও নতুন চিন্তাধারা আমাদের সকলের সামনে তুলে ধরো, যা আমাদের সমৃদ্ধ করবে ও জাতির বিকাশে নতুন পথ দেখাবে।



ড. সুতপা রায়,
অধ্যক্ষা
বিদ্যাসাগর কলেজ ফর উইমেন,
কলকাতা

# প্রতিযোগিতার বিষয়সমূহ

## প্রবন্ধ

**সময় : সকাল ৯টা**

**তারিখ : ১৯/০৯/২০২৫**

- বাংলা, ইংরাজি, হিন্দি, সংস্কৃত যে কোনও ভাষায় ৫০০ শব্দের মধ্যে।
- যে কোনও একটি বিষয়–

১) উনিশ শতকের যুক্তিবাদ ও বিদ্যাসাগর /
Nineteenth-century Rationalism and Vidyasagar /
उन्नीसवीं सदी का तर्कवाद और विद्यासागर /
उन्नीसवीं शताब्दी तर्कवाद तथा विद्यासागर

২) বিদ্যাসাগর ও মধুসূদন সম্পর্ক /
Vidyasagar and Madhusudan Relationship /
विद्यासागर और मधुसूदन का रिश्ता /
विद्यासागर तथा मधुसूदन सम्बन्ध



# তাৎক্ষণিক বক্তৃতা

**সময় : সকাল সাড়ে ১০টা**

**তারিখ : ১৯/০৯/২০২৫**

- বিষয়- বাংলা, ইংরাজি ও হিন্দি, যে কোনও ভাষায়

  ক) স্ত্রী শিক্ষা ও বিদ্যাসাগর /

  Women's Education and Vidyasagar /

  स्त्री शिक्षा और विद्यासागर

  খ) বিধবা বিবাহ ও বিদ্যাসাগর /

  Widow Remarriage and Vidyasagar /

  विधवा विवाह और विद्यासागर

  গ) বাল্য বিবাহ রদ ও বিদ্যাসাগর /

  Abolition of Child Marriage and Vidyasagar/

  बाल विवाह उन्मूलन और विद्यासागर

  ঘ) বর্তমান ভারত: বিদ্যাসাগরের প্রাসঙ্গিকতা /

  Contemporary India: Relevance of Vidyasagar /

  आधुनिक भारत: विद्यासागर की प्रासंगिकता

  ঙ) 'বর্ণপরিচয়' /

  'Barnaparichay' /

  'बर्णपरिचय'

  চ) নারীর ক্ষমতায়ন ও বিদ্যাসাগর /

  Women Empowerment and Vidyasagar /

  नारी सशक्तिकरण और विद्यासागर



## অঙ্কন

**সময় : সকাল ৯টা**

**তারিখ : ২০/০৯/২০২৫**

- বিষয়–
  ক) My Identity, My Power /
  আমার পরিচিতি, আমার শক্তি
  খ) Breaking stereotypes /
  গতানুগতিকতার বাইরে

## গান

**সময় : সকাল সাড়ে ১০টা**

**তারিখ :  ২০/০৯/২০২৫**

- বাংলা, হিন্দি যে কোনও ভাষায় ।
- বিষয়- দেশাত্মবোধক গান, পূজা পর্যায়ের গান / দেশভক্তি গীত. পূজা পর্ব কে গীত

## নাচ

**সময় : সকাল ৯টা**

**তারিখ : ২২/০৯/২০২৫**

- যে কোনও একটি:
  ক) মোরা ঝঞ্ঝার মতো উদ্দাম, মোরা ঝরনার মতো চঞ্চল মোরা বিধাতার মতো নির্ভয় প্রকৃতির মতো সচ্ছল।
  খ) সঙ্কোচের বিহ্বলতা নিজেরে অপমান।
  সঙ্কটের কল্পনাতে হোয়ো না ম্রিয়মাণ।
  গ) দুর্গম গিরি, কান্তার-মরু, দুস্তর পারাবার হে!
  ঘ) শ্রাবণের ধারার মতো পড়ুক ঝরে, পড়ুক ঝরে।



# ক্যুইজ

**সময় : সকাল ৯টা**

**তারিখ : ২৩/০৯/২০২৫**

- সাধারণ জ্ঞান ও সাম্প্রতিক ঘটনাবলি
- ২জনের টিম। কোনও কলেজ থেকে সর্বোচ্চ ২টি টিম অংশগ্রহণ করবে

# নাটক

**সময় : সকাল ১১টা**

**তারিখ : ২৩/০৯/২০২৫**

- বিষয়–

  ক) নারীমুক্তি / নারী মুক্তি

  খ) অর্ধেক আকাশ / আধা আসমান

# ফোটোগ্রাফি (অনলাইন)

**শেষ তারিখ – ২৩/০৯/২০২৫**

- নির্দিষ্ট লিঙ্কে নির্দিষ্ট সময়ে আপলোড করতে হবে।
- বিষয়–

  ক) চেনা-অচেনা চারপাশ / Our Surroundings

  খ) প্রকৃতি / Nature
- লিঙ্ক- VCFW Photography Competition 2025 - Google Forms

# নিয়মাবলী (সমস্ত বিভাগের জন্য)

১. বিভিন্ন কলেজ ও বিশ্ববিদ্যালয়ের শুধুমাত্র স্নাতক স্তরের ছাত্র ও ছাত্রীরা প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারে।

২. গানের প্রতিযোগীদের কোনও রকম বাদ্যযন্ত্রের ব্যবহার ছাড়া খালি গলায় গান গাইতে হবে। গান গাওয়ার জন্যে ৫ মিনিট সময় দেওয়া হবে।

৩. প্রবন্ধ রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণকারীদের প্রত্যেককে লেখার জন্য আমাদের কলেজের লোগো যুক্ত কাগজ ও পেন দেওয়া হবে। প্রবন্ধ লেখার জন্যে ১ ঘণ্টা সময় পাওয়া যাবে।

৪. তাৎক্ষণিক বক্তৃতায়, উল্লিখিত বিষয়গুলির মধ্যে যে কোনো একটি বিষয়ে অংশগ্রহণকারী প্রতিযোগীদের বলতে হবে, যা প্রতিযোগিতার দিন লটারির মাধ্যমে নির্ধারণ করা হবে। সেই বিষয়টির উপর প্রতিযোগীকে পাঁচ মিনিট বলার সুযোগ দেওয়া হবে।

৫. অঙ্কন প্রতিযোগিতায় অংশগ্রহণকারীদের আঁকার সরঞ্জাম (জলরঙ অথবা প্যাস্টেল কোনও একটি মাধ্যম) নিয়ে আসতে হবে। কেবলমাত্র আঁকার কাগজটি দেওয়া হবে। সময়সীমা ১ ঘণ্টা।

৬. নাটকে দলগত অংশগ্রহণের জন্য অনুরোধ করা হচ্ছে। প্রত্যেক শিক্ষাপ্রতিষ্ঠান থেকে সর্বাধিক দুটি দল অংশ নিতে পারে। নাটকটি ২০ মিনিটের মধ্যে শেষ করতে হবে।

৭. নৃত্য পরিবেশনার জন্য নির্বাচিত গান প্রতিযোগীকে একটি পেনড্রাইভে সঙ্গে নিয়ে আসতে হবে। অথবা, নিচে দেওয়া ইমেল আইডিতে গানটি আগেই পাঠাতে হবে। প্রত্যেক প্রতিযোগীকে নৃত্য পরিবেশনের জন্য তিন থেকে চার মিনিট সময় দেওয়া হবে।

৮. ফোটোগ্রাফি (অনলাইন) প্রতিযোগিতায় অংশগ্রহণকারীদের নির্দিষ্ট বিষয়ের সঙ্গে প্রাসঙ্গিক ছবি ২৩ সেপ্টেম্বর, ২০২৫ তারিখে রাত ১২টার মধ্যে নির্দিষ্ট লিঙ্কে পাঠাতে হবে। লিঙ্ক উপরে দেওয়া আছে। সঙ্গে দিতে হবে প্রতিযোগীর নাম, প্রতিষ্ঠানের নাম, ফোন নম্বর, এবং প্রতিষ্ঠান প্রদত্ত যে কোনও আই-কার্ডের ছবি।

৯. প্রত্যেক অংশগ্রহণকারীকেই শংসাপত্র প্রদান করা হবে।

১০. প্রতিটি প্রতিযোগিতায় প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থানাধিকারী কে পুরস্কার দেওয়া হবে। নাটকের ক্ষেত্রে সেরা শিল্পীকে পুরস্কার দেওয়া হবে।

১১. প্রত্যেক প্রতিযোগিতার আগের দিন বিকেল পাঁচটার মধ্যে প্রতিযোগীকে তার নাম নথিভুক্ত করতে হবে। প্রত্যেককে গুগল ফর্মের মাধ্যমে নাম নথিভুক্ত করতে হবে। লিঙ্ক নিয়মাবলির শেষে দেওয়া থাকবে।

১২. যদি কোনও প্রতিযোগীর গুগল ফর্ম ফিল-আপ করতে অসুবিধা হয় তারা অবশ্যই আমাদের সঙ্গে ফোনে যোগাযোগ করতে পারেন।

১৩. প্রতিযোগীরা একাধিক প্রতিযোগিতায় অংশ নিতে পারে এবং যে প্রতিযোগী এককভাবে সর্বোচ্চ পুরস্কার পাবে তাকে প্রতিযোগিতার সেরার পুরস্কার দেওয়া হবে।

১৪. প্রতিযোগীদের রেজিস্ট্রেশনে কোনও রকম টাকা লাগবে না।

১৫. প্রত্যেক প্রতিযোগীকে প্রতিযোগিতা শুরু হওয়ার ৩০ মিনিট আগে আসার অনুরোধ করা হচ্ছে।

১৬. প্রতিযোগিতায় বিচারকদের সিদ্ধান্ত-ই চূড়ান্ত।



**রেজিস্ট্রেশন লিঙ্ক:-** Registration Form 2025 - Google Forms

**যোগাযোগ-**

অধ্যাপক সুমন বন্দ্যোপাধ্যায়- ৯৮৩০৬১১৮১০
অধ্যাপক অনসূয়া মজুমদার - ৯০৭৩৬৬১৮২৭
অধ্যাপক অনল পাল- ৯৪৭৪৩৭৫৬০৮
ই-মেল - vcfwcompetition2025@gmail.com